ঝিনাইদহে জেলা জামায়াতের মানববন্ধন অনুষ্ঠিত

বিসিআইসি সারের ডিলার নিয়োগে অনিয়ম, স্বজনপ্রীতি দলীয়করণ সর্বত্র দুর্নীতি, চাঁদাবাজি-দখলবাজি, তেল গ্যাস ও বিদ্যুতের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি এবং সার সংকটের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১৮ অক্টোবর) সকালে ঝিনাইদহ পায়রা চত্বর মোড়ে ঝিনাইদহ জেলা জামায়াতে ইসলামের আয়জনে এ মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

ঝিনাইদহ জেলা জায়াতের নায়েবে আমীর মো: আব্দুল আলীমের সভাতিত্বে মানববন্ধনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতে ইসলামীর আমীর আলী আজম মোহাম্মদ আবু বকর।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য মোঃ মতিয়ার রহমান, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য মাও: আবু তালেব, সেক্রেটারী জেনারেল আওয়াল সহ সেক্রেটারী মাও: আব্দুল হাই, ঝিনাইদহ সদর উপজেলার আমীর ড. হাবিবুর রহমান প্রমূখ।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য আলী আজম মো. আবু বকর বলেন, কৃত্রিম সারসংকট তৈরি করে সাধারণ কৃষকদের জিম্মি করার উদ্দেশ্যে ঝিনাইদহে সারের ডিলার নিয়োগে নজিরবিহীন দুর্নীতি ও ব্যাপক দলীয়করণ করা হয়েছে।

ফ্যাসিবাদী আমলের ডিলারদের কারণে কৃষকেরা এমনিতেই দিশেহারা। দেশ ও জনগণের এই সংকটে জামায়াতে ইসলামী সব ধরনের অন্যায়-অপরাধের বিরুদ্ধে আপসহীন প্রতিবাদ চালিয়ে যাচ্ছে।

তিনি অনবিলম্বে বিতর্কিত সার-বীজ মনিটরিং কমিটি পুনর্গঠন এবং দলীয় বিবেচনায় দেওয়া সব ডিলারশিপ বাতিল করে স্বচ্ছ ও নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় নতুন করে ডিলারশিপ নিয়োগের দাবি জানান।

সমাবেশে জেলা প্রশাসক মো. নোমান হোসেন প্রিন্সের ভূমিকা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি

আব্দুল হাই জেলা প্রশাসককে উদ্দেশ করে তিনি বলেন,ঝিনাইদহের ডিসি সাহেব, আপনি জেলা প্রশাসকের কার্যালয়কে দুর্নীতির খুঁটি বানিয়ে বসে আছেন! যদি সঠিকভাবে নিজের অর্পিত দায়িত্ব পালন করতে না পারেন, তবে স্পষ্ট করে বলুন আপনি পুরুষ নন, আপনি মহিলা! আর তা-ও যদি না হন, তবে আপনি হিজড়া! আমরা আপনার জন্য দুই জোড়া চুড়ি কিনে পাঠিয়ে দিচ্ছি! দায়িত্ব পালন করতে না পারলে হাতে চুড়ি পরে বসে থাকুন’।

সমাবেশে জেলা পরিষদের নিয়োগ প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তোলেন বক্তারা। তাঁদের অভিযোগ, জেলা পরিষদের নতুন সার্ভেয়ার হানিফসহ মোট সাতজনের নিয়োগে অনিয়ম হয়েছে। হানিফের নিয়োগ পরীক্ষার প্রশ্ন তাঁকে দিয়ে লিখিয়ে পরদিন তা জমা নেওয়া হয়েছে বলেও অভিযোগ করেন তাঁরা। এ ছাড়া নিয়োগের বিনিময়ে ২০ লাখ টাকা লেনদেনের অভিযোগও উত্থাপন করা হয়। এসব অভিযোগের সুষ্ঠু তদন্ত করে সত্যতা যাচাই এবং দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান বক্তারা।

একই সঙ্গে হানিফসহ সাতজনের নিয়োগ বাতিল করে স্বচ্ছতা, যোগ্যতা ও যথাযথ নিয়ম অনুসরণ করে নতুন করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার আহ্বান জানান তাঁরা। জেলা প্রশাসক কার্যালয়ে বসে অবৈধ অর্থের ভাগাভাগি করেণ বলেও দাবি করেণ বক্তারা। এই ঘুষখোর পক্ষপাতকারী জেলা প্রশাসকের প্রত্যাহার চান তারা।

সমাবেশ থেকে আগামী ৩১ মার্চে ১১ দলের লংমার্চ কর্মসূচি সফল করতে সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান নেতারা ।

ঝিনাইদহে মঞ্চস্থ হলো লেটোযাত্রা ‘স্বামী-স্ত্রীর ঝগড়া’

নজরুল বর্ষ উপলক্ষে ঝিনাইদহে মঞ্চস্থ হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত লেটো যাত্রাপালা ‘স্বামী-স্ত্রীর ঝগড়া’।

শুক্রবার (১৬অক্টোবর) রাতে শহরের প্রান্তিক পার্ক মিলনায়তনে অংকুর নাট্য একাডেমির আয়োজনে এ যাত্রা পরিবেশিত হয়।

অংকুর নাট্য একাডেমির সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস ও ফারুক হোসেনের নির্দেশনায় এতে ১৫ জন নিয়মিত শিল্পী অভিনয় করেন নজরুলের রচিত লেটো যাত্রাপালার মধ্য দিয়ে দর্শকদের সামনে তুলে ধরা হয় বাংলার লোকজ সংস্কৃতি ও নাট্য ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ দিক। শহরের বিভিন্ন এলাকার নানা শ্রেনী পেশার মানুষ উপভোগ করেন এই পরিবেশনা।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য ও সাংস্কৃতিক সৃষ্টিকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার লক্ষ্যে এ আয়োজন বলে জানান আয়োজকরা। সেসময় উপস্থিত ছিলেন অংকুর নাট্য একাডেমীর সভাপতি আহসান হাবীব রনক, শিক্ষানুরাগী খন্দকার হাফিজ ফারুক, মোঃ আব্দুস সালাম, মোঃ শফিকুল ইসলাম, বিহঙ্গের সাধারণ সম্পাদক শাহীনুর আলম লিটন, মানবাধিকার নাট্য পরিষদ’র সভাপতি রুবেল পারভেজ, বাংলা থিয়েটারের সাধারণ সম্পাদক ইমরান হায়দার রাজা, নাট্য নির্মাতা এস এম শাহীন, কৌতুক অভিনেতা হুমায়ূন কবীরী টুকু প্রমুখ।

ঝিনাইদহ ক্যাডেট কলেজ দাওয়াত দিয়ে সাংবাদিকদের প্রবেশে বাধা দেয়ার অভিযোগ

ঝিনাইদহ ক্যাডেট কলেজে আন্তঃক্যাডেট কলেজ ফুটবল প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে সাংবাদিকদের দাওয়াত দিয়েও অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে না দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ঝিনাইদহের সংবাদকর্মীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে ঝিনাইদহ ক্যাডেট কলেজে এ ঘটনা ঘটে।

ক্ষুব্ধ সংবাদকর্মীরা জানান, গত ১০ অক্টোবর ঝিনাইদহ ক্যাডেট কলেজে আন্দঃক্যাডেট কলেজ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

ওই অনুষ্ঠানে জেলার কয়েকজন সংবাদকর্মীকে আমন্ত্রণ জানায় ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ। এছাড়াও কলেজ কর্তৃপক্ষ ও যশোর ক্যান্টনমেন্ট থেকে তিন জন তিন দিন করে তদন্ত করে চিঠি করে দাওয়াত দেওয়া হয় সাংবাদিকদের। পরে প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয় ১৫ অক্টোবর বৃহস্পতিবার। সমাপনী অনুষ্ঠানেও সাংবাদিকদের চিঠি দিয়ে আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রণপত্র পেয়ে দুপুরে সংবাদকর্মীরা ক্যাডেট কলেজ গেটে উপস্থিত হন। এ সময় সাংবাদিকদের প্রবেশের অনুমতি নেই, জানিয়ে তাদের কে ক্যাডেট কলেজ ছাড়তে বলা হয়। এ ঘটনায় জেলার সংবাদকর্মীদের মাঝে ক্ষোভ ছড়িয়ে পড়ে।

ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি বাংলাভিশনের জেলা প্রতিনিধি আসিফ ইকবাল মাখন বলেন, বিষয়টি অত্য দুঃখজনক। সাংবাদিকদের আমন্ত্রণ জানিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে না দেয়ার ঘটনায় নিন্দা জানাই। এ ঘটনায় সংশ্লিষ্টদের কাছে তদন্তের দাবি জানাচ্ছি। সেই সাথে ক্যাডেট কলেজের সকল সংবাদ বর্জনের ঘোষণাও দেন।

এদিকে জেলা প্রেসক্লাবের সভাপতি এনটিভির স্টাফ রিপোর্ট মিজানুর রহমান জানান, কলেজ কর্তৃপক্ষ সাংবাদিকদের দাওয়াত দেওয়ার আগে বিভিন্নভাবে তদন্ত করে চিঠি দিয়ে দাওয়াত দিয়েছে। এরপর সাংবাদিকদের প্রবেশ করতে না দেওয়া অত্যান্ত দুঃখজন। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। অবশ্যই সাংবাদিকদের সাথে এমন আচরণের ঘটনার তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করার জোর দাবি জানাচ্ছি। এ বিষয়ে জানতে ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ বিষয়ে অ্যাডজুটেন্টের সঙ্গে কথা বলুন। আমন্ত্রণ জানানোর বিষয়টি আমার জানা নেই।

ঝিনাইদহে ১০৪টি মোবাইল ও ৫৩ হাজার টাকা মালিকদের কাছে হস্তান্তর

ঝিনাইদহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের উদ্যোগে উদ্ধার করা ১০৪টি মোবাইল ফোন এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস

(এমএফএস)-এর মাধ্যমে ভুল করে পাঠানো ৫৩ হাজার ৪০৯ টাকা প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলনকক্ষে উদ্ধার করা মোবাইল ফোন ও টাকা মালিকদের হাতে তুলে দেওয়া হয়।

পুলিশ সূত্রে জানা যায়, জেলায় অনলাইনভিত্তিক বিভিন্ন অপরাধ দমনে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল গঠন করা হয়েছে। এ সেলের সদস্যরা সামাজিক যোগাযোগমাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মে সংঘটিত অপরাধ দমন, ক্লুলেস হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটন, ডাকাতি ও দস্যুতার ঘটনায় তদন্ত, বিকাশ প্রতারণা, সাইবার বুলিং, হারানো মোবাইল ফোন উদ্ধার এবং ভুক্তভোগীদের উদ্ধারে প্রযুক্তিগত সহায়তাসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছেন।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের সদস্যরা ২০২৬ সালের ১ আগস্ট থেকে ১৫ অক্টোবর পর্যন্ত বিভিন্ন অভিযানে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছেন বলে পুলিশ জানিয়েছে। এ সময় মহেশপুরের আলোচিত নিঝুম অপহরণের রহস্য উদ্ঘাটন, কালীগঞ্জ ও কোটচাঁদপুরের দস্যুতা মামলায় চার আসামিকে গ্রেপ্তার এবং দস্যুতার ঘটনায় ব্যবহৃত দেশীয় অস্ত্র ও ছিনতাই করা মোবাইল ফোন উদ্ধার করা হয়।

এ ছাড়া ঝিনাইদহ সদর ও কালীগঞ্জ থানার অপহরণ মামলায় দুই ভুক্তভোগীকে উদ্ধার এবং দুই আসামিকে গ্রেপ্তার করা হয়। গাজীপুরের ল্যাভেন্ডার গ্রুপের চেয়ারম্যানের এক কোটি টাকা চুরির ঘটনায় মূল আসামিকে গ্রেপ্তার ও ৮৭ লাখ টাকা উদ্ধারের কথাও জানিয়েছে পুলিশ। কোটচাঁদপুরে এক কলেজশিক্ষিকাকে অজ্ঞান করে ছিনতাইয়ের ঘটনায় অজ্ঞান পার্টির দুই সদস্যকে গ্রেপ্তার করা হয়। এ ছাড়া ঝিনাইদহের আলোচিত অর্পিতার আত্মহত্যায় প্ররোচনার মামলায় একজন আসামিকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ জানায়।

পুলিশ আরও জানায়, জেলার বিভিন্ন থানা এলাকা থেকে হারিয়ে যাওয়া ১০৪টি মোবাইল ফোন এবং এমএফএসের মাধ্যমে ভুলবশত পাঠানো ৫৩ হাজার ৪০৯ টাকা দেশের বিভিন্ন স্থান থেকে উদ্ধার করা হয়েছে। পাশাপাশি ফেসবুক, ইনস্টাগ্রাম, হোয়াটসঅ্যাপ, ইমো, টিকটক, টেলিগ্রাম ও স্ন্যাপচ্যাটের মাধ্যমে সাইবার বুলিংয়ের শিকার ৪০ জনকে সহায়তা দেওয়া হয়েছে। সাধারণ ডায়েরির (জিডি) ভিত্তিতে নিখোঁজ আটজনকেও উদ্ধার করেছে সাইবার সেল।

অনুষ্ঠানে উদ্ধার করা মোবাইল ফোন ও টাকা প্রকৃত মালিকদের হাতে তুলে দেন ঝিনাইদহের পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান, পিপিএম-সেবা। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) শেখ বিল্লাল হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. মোসফেকুর রহমানসহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের কর্মকর্তারা।

এ সময় পুলিশ সুপার বলেন, সাইবার বুলিং, অনলাইন হয়রানি ও অপপ্রচার শাস্তিযোগ্য অপরাধ। এসব অপরাধ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি জরুরি। সবাইকে সাইবার অপরাধের বিরুদ্ধে সচেতন হতে হবে। মানুষের সচেতনতাই একটি নিরাপদ ডিজিটাল সমাজ গড়ে তুলতে পারে। অপরাধী যে-ই হোক, আইন অনুযায়ী ব্যবস্থা নিতে ঝিনাইদহ জেলা পুলিশ অঙ্গীকারবদ্ধ।

ঝিনাইদহে জামায়াতের সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিসিআইসি সার ডিলার নিয়োগ এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলিতে অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতির অভিযোগ তুলেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঝিনাইদহ জেলা শাখা।

এসব অভিযোগ তুলে বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকালে জেলা জামায়াতের কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন দলটির নেতারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির আলী আজম মোহাম্মদ আবু বকর। এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য মতিয়ার রহমান ও ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য মো. আবু তালিব।

লিখিত বক্তব্যে আলী আজম মোহাম্মদ আবু বকর অভিযোগ করেন, জেলার বিভিন্ন উপজেলায় সার ডিলার নিয়োগে অনিয়ম, দলীয়করণ, আত্মীয়করণ ও অবৈধ আর্থিক লেনদেন হয়েছে। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের অর্থের বিনিময়ে সার ডিলার নিয়োগ দেওয়ার অভিযোগও

করেন তিনি। এ ছাড়া দুর্নীতি ও স্বজনপ্রীতির মাধ্যমে নিয়োগ পাওয়া কয়েকজন সার ডিলারের নামও উল্লেখ করেন।

সংবাদ সম্মেলনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলিতে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগও তুলে ধরেন তিনি। পাশাপাশি জেলার বিভিন্ন স্থানে জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগের বিষয়েও বক্তব্য দেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা জামায়াতের সেক্রেটারি আব্দুল আওয়াল এবং ঝিনাইদহ সদর উপজেলা জামায়াতের আমির ড. হাবিবুর রহমানসহ দলটির নেতাকর্মীরা।

ঝিনাইদহে গৃহবধূর আত্মহত্যা, স্বামী-শাশুড়ির নির্যাতনের অভিযোগ পরিবারের

ঝিনাইদহ সদর উপজেলায় মনিকা খাতুন (২১) নামে দুই সন্তানের জননী এক গৃহবধূর গলায় ফাঁস দেওয়া অবস্থায় মৃত্যু হয়েছে।

বুধবার (১৪ অক্টোবর) দুপুরে শহরের কামারকুন্ডু উত্তরপাড়ায় তাঁর বাবার বাড়িতে এ ঘটনা ঘটে। মনিকার পরিবারের অভিযোগ, স্বামী ও শাশুড়ির নির্যাতনের কারণে মানসিক চাপে তিনি আত্মহত্যা করেছেন। তবে মৃত্যুর প্রকৃত কারণ ময়নাতদন্ত ও তদন্তের পর জানা যাবে বলে জানিয়েছে পুলিশ।

নিহত মনিকা ঝিনাইদহ সদর উপজেলার ছোট কামারকুন্ডু উত্তরপাড়ার মতিউর রহমানের মেয়ে।

পরিবারের সদস্যদের সূত্রে জানা যায়, মঙ্গলবার বিকেলে অসুস্থ চাচিকে দেখতে যাওয়ার বিষয়টি নিয়ে স্বামীর সঙ্গে মনিকার কথা- কাটাকাটি হয়। এ সময় হাটগোপালপুর বাজারে তাঁর স্বামী নিশান তাঁকে মারধর করেন বলে অভিযোগ পরিবারের। পরে মনিকা তাঁর চাচির কাছে গিয়ে নিজের কষ্টের কথা জানান এবং তাঁকে ক্ষমা করে দিতে বলেন বলে

জানিয়েছেন পরিবারের সদস্যরা।

পরিবারের ভাষ্য অনুযায়ী, বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে বাবার বাড়িতে গলায় ফাঁস দেওয়া অবস্থায় মনিকাকে পাওয়া যায়।

পরিবারের আরও অভিযোগ, নিশান দীর্ঘদিন ধরে অন্য এক নারীর সঙ্গে সম্পর্কে জড়িত ছিলেন। এ বিষয়টি নিয়ে মনিকাকে বিভিন্ন সময় নির্যাতন করা হতো বলেও দাবি তাঁদের। তবে এসব অভিযোগের সত্যতা এখনো নিশ্চিত হওয়া যায়নি।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান বলেন, “মৃত্যুর ঘটনাটি শুনেছি। অভিযোগের ভিত্তিতে তদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে বিস্তারিত জানা যাবে।”

ঝিনাইদহে দৈনিক রানার পত্রিকার ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে দৈনিক রানার পত্রিকার ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার (১৩ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

পত্রিকাটির ঝিনাইদহ জেলা প্রতিনিধি বসির আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন। অনুষ্ঠানে সাংবাদিকতার দায়িত্বশীলতা, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন এবং গণমানুষের অধিকার ও প্রত্যাশা তুলে ধরার বিষয়ে আলোচনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, জ্যেষ্ঠ সাংবাদিক ও এটিএন বাংলার প্রতিনিধি নিজাম জোরদার বাবলু, একুশে টেলিভিশনের এম রায়হান, দৈনিক দেশ রূপান্তরের জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, এসএ টিভির ফয়সল আহমেদ, চ্যানেল ২৪-এর সাদ্দাম হোসেন, সদর থানার ওসি (তদন্ত)

ব্রজেন কুমারসহ অন্যান্য গণমাধ্যম কর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

আলোচনা সভায় বক্তারা বলেন, গণমাধ্যম সমাজের দর্পণ। সত্য ও নিরপেক্ষ সংবাদ পরিবেশনের মাধ্যমে সমাজের অসংগতি তুলে ধরা এবং সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠায় সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের ক্ষেত্রে সততা, নৈতিকতা ও বস্তুনিষ্ঠতা বজায় রাখা অত্যন্ত জরুরি।

তাঁরা আরও বলেন, সমাজের সমস্যা ও সম্ভাবনার পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, উন্নয়ন এবং জনদুর্ভোগের বিষয়গুলো গুরুত্বের সঙ্গে তুলে ধরতে সংবাদমাধ্যমকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। একই সঙ্গে জনস্বার্থসংশ্লিষ্ট সংবাদ প্রকাশের মাধ্যমে মানুষের সচেতনতা বৃদ্ধি ও সমাজের ইতিবাচক পরিবর্তনে গণমাধ্যমকে অবদান রাখতে হবে।

বক্তারা বলেন, দীর্ঘ পথচলায় দৈনিক রানার পত্রিকা সংবাদ পরিবেশন, জনসচেতনতা সৃষ্টি এবং এলাকার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা তুলে ধরার মাধ্যমে পাঠকদের কাছে নিজেদের অবস্থান ধরে রেখেছে। ভবিষ্যতেও পত্রিকাটি বস্তনিষ্ঠ সাংবাদিকতা ও জনস্বার্থসংশ্লিষ্ট সংবাদ প্রকাশের মধ্য দিয়ে দেশ ও মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তাঁরা আশাবাদ ব্যক্ত করেন।

আলোচনা সভা শেষে দৈনিক রানার পত্রিকার উত্তরোত্তর সাফল্য, সমৃদ্ধি ও দীর্ঘায়ু কামনা করে কেক কাটা হয়।

ঝিনাইদহে দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে মহড়া

‘দুর্যোগ সহনশীল দেশ গড়ি’ এ শ্লোগানে ঝিনাইদহে পালিত হয়েছে অগ্নিকান্ড ও ভূমিকম্প বিষয়ক মহড়া। মঙ্গলবার সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে করা হয় অগ্নিকান্ড ও ভূমিকম্প বিষয়ক মহড়া।

এতে অগ্নিকাণ্ড ও ভূমিকম্পের মতো দুর্যোগ মোকাবিলায় করণীয়, উদ্ধার কার্যক্রম এবং হতাহতদের দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার কৌশল প্রদর্শন করা হয়।

মহড়ার মাধ্যমে দুর্যোগকালীন পরিস্থিতিতে আতঙ্কিত না হয়ে তাৎক্ষণিক করণীয় সম্পর্কে সচেতন করা হয়। অনুষ্ঠানে জেলা পরিষদের প্রধান নির্বাহী সেলিম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মোসফেকুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা দিপা রানী সরকার, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ ফায়ার সার্ভিসের কর্মকর্তারা বক্তব্য রাখেন।

ঝিনাইদহে উত্তম কৃষি চর্চা বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

ঝিনাইদহে উত্তম কৃষি চর্চা বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন (বিসিপিএ) ঝিনাইদহ বিভাগীয় চ্যাপ্টারের আয়োজনে সোমবার দিনব্যাপি শহরের সৃজনী বাংলাদেশের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষনের উদ্বোধন করেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ কামরুজ্জামান। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক শিকদার মোঃ মোহায়মেন আক্তার, ঝিনাইদহ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মাসুদ রানা, ঝিনাইদহ বিসিপিএ চ্যাপ্টার কমিটির সভাপতি ও মিমপেক্স এগ্রোকেমিক্যালসের ডিভিশনাল সেলস ম্যানেজার দিপলুর রহমান। প্রধান প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশনের ব্যবস্থাগক (গবেষণা ও উন্নয়ন) দেবাশীষ চট্টপাধ্যায়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ঝিনাইদহ বিসিপিএ চ্যাপ্টার কমিটির সাধারন সম্পাদক ও গ্লোবাল এগ্রোভেট লিমিটেড ডিভিশনাল সেলস ম্যানেজার মোঃ আব্দুল সায়াদ। এছাড়া বিভিন্ন কোম্পানির

প্রতিনিধিবৃন্দ। প্রশিক্ষনে ঝিনাইদহ জেলাসহ পার্শ্ববর্তী বিভিন্ন জেলার মডেল কৃষকবৃন্দ। প্রশিক্ষন শেষে মডেল কৃষকদের মাঝে সনদপত্র বিতরন করা হয়।

ঝিনাইদহে জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন

“শিশুবিয়ে আর নয়, কন্যা করবে বিশ্বজয়” এই শ্লোগানে ঝিনাইদহে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

জেলা প্রশাসন ও মহিলা অধিদপ্তরের আয়োজনে সোমবার (১২ অক্টোবর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে হয় আলোচনা সভা। এতে অতিরিক্ত জেলা প্রশাসক নারায়ণ চন্দ্র পাল, অতিরিক্ত পুলিশ সুপার শেখ বিল্লাল হোসেন, মহিলা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক মুন্সী ফিরোজা সুলতানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, কন্যাশিশুর নিরাপদ বেড়ে ওঠা, শিক্ষা নিশ্চিত করা এবং বাল্যবিয়ে প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহবান জানান। একইসাথে কন্যাশিশুর প্রতি বৈষম্য দূর করে তাদের অধিকার প্রতিষ্ঠায় পরিবার, সমাজ ও রাষ্ট্রকে সম্মিলিতভাবে কাজ করার পরামর্শ দেন।